

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
মাদরাসা শিক্ষা অধিদপ্তর  
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩  
৩৭/৩/এ, ইক্সটেন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।  
www.dme.gov.bd

স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৩.০২.০১৮.১৭-৬৪

তারিখ: ৩০.০১.২০১৮খ্রি।

বিষয়: বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি না থাকা কালে এবং অধ্যক্ষ/উপাধ্যক্ষ-এর অবর্তমানে জ্যেষ্ঠতম শিক্ষক-এর স্বাক্ষর এবং জেলা প্রশাসক / উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদির এম,পি,ও বিলে প্রতিস্বাক্ষর প্রসঙ্গে।

সূত্রঃ (১) উপশহর আলিম মাদরাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষ (জনাব মো: নজরুল ইসলাম) এর আবেদন

তারিখ: ১৭.০১.২০১৮খ্রি।

(২) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, যশোর সদর এর স্মারক নং-মাশিউ/স:য-১৭/১৫৭

তারিখ: ০৯.১০.২০১৭খ্রি।

(৩) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.০৬.০১৯.১৩.৬৭

তারিখ: ২৩.০৬.২০১৬ খ্রি।

(৪) মাউশি অধিদপ্তরের স্মারক নং- ১জি/১৩৫৩বি/০৭/১৪৭১/১৭বিশেষ

তারিখ: ০৯.০৩.২০১৫ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে সদয় অবগতি ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত ১ নং স্মারক মূলে অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) কর্তৃক এ অধিদপ্তরে লিখিত আবেদনের মাধ্যমে জানানো হয় যে, বিষয়োক্ত মাদরাসার গভর্নিং বডির মেয়াদ ২৬.১২.২০১৭খ্রি: তারিখে শেষ হয়ে যায় এবং মাদরাসাটিতে বর্তমানে কোন এডহক কমিটিও নেই।

০২. অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) কর্তৃক দাখিলকৃত আবেদন ও আবেদনের সাথে সংযুক্ত সূত্রোক্ত ২ নং স্মারক মূলে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, যশোর সদর এর তদন্ত রিপোর্ট (কপি সংযুক্ত-০১) পর্যালোচনায় দেখা যায় যে, অনিয়ম, দুর্নীতি ও ক্ষমতার অপব্যবহারের দায়ে বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড এর আপিল ও আরবিট্রেশন কমিটির সিদ্ধান্ত মোতাবেক বর্ণিত মাদরাসার অধ্যক্ষ জনাব আ.ন.ম আ: রাজ্জাক স্থায়ীভাবে বরখাস্ত রয়েছেন।

০৩. বর্ণিত কারণে অধ্যক্ষের অবর্তমানে এবং নিয়মিত গভর্নিং বডি/এডহক কমিটি না থাকায় মাদরাসায় উক্ত মাদরাসার শিক্ষক-কর্মচারীবৃন্দের মাসিক বেতন-ভাতাদি উত্তোলন করা সম্ভব হচ্ছে না।

০৪. সূত্রোক্ত ৩ নং স্মারক মোতাবেক বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি না থাকা কালে এবং অধ্যক্ষ/উপাধ্যক্ষ অবর্তমানে জ্যেষ্ঠতম শিক্ষক-এর স্বাক্ষরে এবং জেলা প্রশাসক / উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদির এম,পি,ও বিলে প্রতিস্বাক্ষরের বিধান রয়েছে (কপি সংযুক্ত-০২)।

০৫. আবেদনের সাথে সংযুক্ত সংশ্লিষ্ট প্রভাষকদের এমপিও কপি, যোগদান কপি, তাদের জন্ম তারিখ এবং সূত্রের ৪ নং স্মারক মূলে মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক গঠিত তদন্ত কমিটির রিপোর্ট পর্যালোচনায় দেখা যায় যে, জনাব মো: আ: কুদ্দুস, প্রভাষক (আরবি), জনাব মো: নজরুল ইসলাম, প্রভাষক (আরবি) এবং জনাব মো: জাকারিয়া হোসেন প্রভাষক (আরবি) ২০০২ সালে এমপিওভুক্ত হন (কপি সংযুক্ত-০৩)। উক্ত তিন জনের মধ্যে জনাব মো: আ: কুদ্দুস, প্রভাষক (আরবি), জনাব মো: নজরুল ইসলাম, প্রভাষক (আরবি) একই তারিখে তারিখে (১০.০৯.১৯৯৫) বর্ণিত মাদরাসায় যোগদান করেন মর্মে অধ্যক্ষ কর্তৃক দাখিলকৃত আবেদনের সাথে তাদের যোগদান পত্রে উল্লিখিত হয়েছে (কপি সংযুক্ত-০৪)। এমপিও শীটে জনাব মো: আ: কুদ্দুস, প্রভাষক (আরবি) এর বয়স ০৫.০২.১৯৭৫ এবং জনাব মো: নজরুল ইসলাম, প্রভাষক (আরবি) এর বয়স ২০.১২.১৯৭০ খ্রি: হওয়ায় জন্ম তারিখ বিবেচনায় জনাব মো: আ: কুদ্দুস, প্রভাষক (আরবি) অপেক্ষা জনাব মো: নজরুল ইসলাম, প্রভাষক (আরবি) জ্যেষ্ঠতর মর্মে প্রতীয়মান হয়। অপরদিকে জনাব মো: জাকারিয়া হোসেন প্রভাষক (আরবি) এর কোন যোগদান পত্র আবেদনের সাথে পাওয়া যায়নি।

০৬. উল্লেখ্য যে, সূত্রের ৪ নং স্মারক মূলে গঠিত তদন্ত রিপোর্টের “মন্তব্য ও সুপারিশ” নামীয় অনুচ্ছেদে উল্লিখিত হয়েছে “ জনাব মুহা: জাকারিয়া হোসেন এর আরবি প্রভাষক পদের নিয়োগ সংক্রান্ত কোন মূল কাগজপত্র তদন্তকালে পাওয়া যায়নি। তিনি নিজেও এতদসংক্রান্ত মূল রেকর্ডপত্র প্রদর্শন করতে পারেননি। এ কারণে প্রভাষক, আরবি পদে মুহা: জাকারিয়া হোসেন এর পদায়ন/সমন্বয় বৈধ হয়নি (কপি সংযুক্ত-০৫)।”

০৭. অধ্যক্ষ কর্তৃক দাখিলকৃত আবেদনের সাথে সংযুক্ত সেপ্টেম্বর, ২০১৭খ্রি: মাসের এমপিও শীটে জনাব মো: জাকারিয়া হোসেন প্রভাষক (আরবি) এর নাম মুদ্রিত নেই (কপি সংযুক্ত-০৬)। এতে প্রতীয়মান হয় যে, বর্তমানে তিনি সাময়িক বরখাস্ত/চাকুরীচ্যুত অবস্থায় আছেন।

০৮. উপরিউক্ত বর্ণনা ও তথ্য মতে বর্ণিত মাদরাসায় বিদ্যমান বর্তমান প্রভাষকদের মধ্যে জনাব মো: নজরুল ইসলাম, প্রভাষক (আরবি) জ্যেষ্ঠতম শিক্ষক মর্মে প্রতীয়মান হয়।

০৬. বর্ণিত অবস্থার প্রেক্ষিতে জনাব মো: নজরুল ইসলাম, প্রভাষক (আরবি) বর্ণিত মাদরাসার প্রভাষকদের মধ্যে জ্যেষ্ঠতম শিক্ষক বিবেচনায় বর্ণিত মাদরাসার শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদির এম,পি,ও বিল তাঁর { জনাব মো: নজরুল ইসলাম, প্রভাষক (আরবি) } স্বাক্ষরে এবং সূত্রোক্ত ৩ নং স্মারক আদেশ মোতাবেক (জেলা সদরের ক্ষেত্রে) জেলা প্রশাসক/ (উপজেলার ক্ষেত্রে) উপজেলা নির্বাহী অফিসার এর প্রতিস্বাক্ষরে উত্তোলন হওয়া প্রয়োজন।

০৭. এমতাবস্থায় উপশহর আলিম মাদরাসার গভর্নিং বডি/এডহক কমিটি পুনরায় গঠিত না হওয়া পর্যন্ত এবং অধ্যক্ষ দায়িত্ব প্রাপ্ত না হওয়া পর্যন্ত শিক্ষা মন্ত্রণালয়ের সূত্রের ৩ নং স্মারক আদেশ অনুসরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বাক্ষরিতঃ - ২০১৮

  
(মো: আফাজ উদ্দীন)

সহকারী পরিচালক (সর: ও সিনি: মাদরাসা)  
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা  
ফোন নং-৯৩৪৫৮৮০

ই-মেইল-dgmeb.@gmail.com

১. উপজেলা নির্বাহী অফিসার, যশোর সদর, যশোর।

২. জনাব মো: মো: নজরুল ইসলাম, প্রভাষক (আরবি) উপশহর আলিম মাদরাসা।

অনুলিপি:

১. উপ পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল।

২. জেলা শিক্ষা অফিসার, যশোর।

৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, যশোর সদর, যশোর।

৪. অফিস